# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় : উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মসজিদে হারামে প্রবেশের সময় হাজী সাহেব যেসব ভুল করেন

- অনেকে মনে করে, বাবুস সালাম বা অন্য কোন নির্দিষ্ট দরজা দিয়ে প্রবেশ করতে হবে। এটা নিছক ভুল ধারণা। কেননা মসজিদুল হারামের প্রতিটি দরজাই পরবর্তীযুগে বানানো হয়েছে। তাই নির্দিষ্ট দরজা দিয়ে প্রবেশ করা মুস্তাহাব বা সুন্নত হতে পারে না।
- মসজিদে হারামে প্রবেশের সময় সুনির্দিষ্ট কোন দো'আ নির্ধারণ করা। অথচ মসজিদে হারামে প্রবেশের সময় সুনির্দিষ্ট কোন দো'আ নেই। বরং ওপরে যে দো'আটি বর্ণিত হয়েছে, তা মসজিদে হারামসহ সব মসজিদে প্রবেশের দো'আ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন